# 36841 - অন্যের খরচে হজ্জ আদায় করা

প্রশ্ন

আমি আমার ছেলের সাথে হজ্জ আদায় করছি। হজ্জের যাবতীয় খরচ সে বহন করছে। আমার ইচ্ছা ছিল আমার নিজ খরচে হজ্জ আদায় করব। এটা কি হজ্জের শুদ্ধতার উপর কোন প্রভাব ফেলবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

অন্যের খরচে কারো হজ্জ আদায় করতে কোন অসুবিধা নেই। সেই অন্য ব্যক্তি তার ছেলে হোক, ভাই হোক অথবা বন্ধু হোক...। এটি হজ্জের শুদ্ধতার উপর কোন প্রভাব ফেলবে না। হজ্জ শুদ্ধ হওয়ার জন্য এমন কোন শর্ত নেই যে, ব্যক্তি তার নিজের অর্থ থেকেই খরচ করতে হবে।

স্থায়ী কমিটিকে এমন এক নারী সম্পর্কে জিজ্ঞেস করা হয়েছে যাকে আমন্ত্রণকারী তার হজ্জের যাবতীয় খরচ বহন করেছে।

তাঁরা উত্তরে বলেন:

তিনি যে নিজের অর্থ খরচ করে হজ্জ করেননি কিংবা নিজে সামান্য কিছু খরচ করেছেন আর অন্য ব্যক্তি বেশিরভাগ খরচ করেছে; এতে ফরজ আদায়ের উপর কোন প্রভাব পড়বে না। অতএব, হজ্জের শর্ত, রুকন ও ওয়াজিবগুলো যদি যথাযথভাবে আদায় হয়ে থাকে তাহলে তার উপর থেকে হজ্জের ফরজিয়ত (ফরজ দায়িত্ব) আদায় হয়ে গেছে; যদিও অন্য কেউ তার হজ্জের খরচ বহন করে থাকুক না কেন। সমাপ্ত [স্থায়ী কমিটির ফতোয়াসমগ্র (১১/৩৪)]

স্থায়ী কমিটিকে (১১/৩৬) রাষ্ট্রীয় খরচে হজ্জ আদায় করার হুকুম সম্পর্কে জিজ্ঞেস করা হলে উত্তরে তাঁরা বলেন: এটি জায়েয। এ সংক্রান্ত দলিলগুলোর সাধারণত্বের ভিত্তিতে তাদের হজ্জ সহিহ হবে। সমাপ্ত

স্থায়ী কমিটির ফতোয়াসমগ্রে (১১/৩৭) এটাও আছে যে,

যদি কোন সন্তান তার পিতার অর্থে ফরজ হজ্জ আদায় করে তাহলে তার হজ্জ সহিহ।সমাপ্ত

যে ব্যক্তি কোন প্রতিযোগিতাতে জিতে পুরস্কার হিসেবে হজ্জ আদায় করেছেন তার সম্পর্কে স্থায়ী কমিটি (১১/৪০) আর

বলেন যে, এটি তার ফরজ হজ্জ হিসেবে ধর্তব্য হবে এবং সে দায় মুক্ত হবে।